# নির্বাচন নিয়ে ঘোলা পানিতে মাছ শিকারের চেষ্টা করছে একটি মহল: রিজভী




রুহুল কবির রিজভী ; সংগৃহীত ছবি

গণতন্ত্রের পথে অগ্রসর হতে সুষ্ঠু ও অংশগ্রহণমূলক নির্বাচনের বিকল্প নেই—এ কথা উল্লেখ করে বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবীর রিজভী বলেছেন, “নির্বাচন নিয়ে একটি মহল ঘোলা পানিতে মাছ শিকারের চেষ্টা করছে।”

শনিবার (৫ জুলাই) ধানমন্ডি স্পোর্টস ক্লাব মাঠে “জুলাই গণঅভ্যুত্থানে নিহতদের স্মরণে আয়োজিত ফুটবল টুর্নামেন্ট”-এ বক্তব্য দিতে গিয়ে তিনি এসব কথা বলেন।

রিজভী বলেন, “গণ-অভ্যুত্থানে যারা জীবন দিয়েছেন, তারাই জাতির শ্রেষ্ঠ সন্তান। পৃথিবীর ইতিহাসে খুব কম জায়গাতেই তরুণদের এমন আত্মত্যাগ দেখা যায়। শেখ হাসিনার ফ্যাসিবাদী শাসনের ভয়াবহতা ভাষায় প্রকাশ করার মতো নয়। আমরা চাই না সেই দুঃসময় আবার ফিরে আসুক।”

তিনি আরও বলেন, “যৌক্তিক সময়ের মধ্যে নির্বাচন আয়োজন জরুরি। অথচ এখন নির্বাচনের নামে একটি চক্রান্ত চলছে। এ চক্রান্তের মাধ্যমে জনগণের অধিকার হরণ করার চেষ্টা চলছে।”

LENS ASIA

অনুষ্ঠানে বিএনপির স্থায়ী কমিটির সদস্য হাফিজ উদ্দিন আহমদও বক্তব্য দেন। তিনি বলেন, “শেখ হাসিনা দেশের ক্রীড়াঙ্গনকেও কলুষিত করেছেন। ক্ষমতায় এলে বিএনপি ক্রীড়াঙ্গনে জনগণের প্রত্যাশা ও স্বচ্ছতা ফিরিয়ে আনবে।